

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।

Web: <http://pbs3.comilla.gov.bd>, ই-মেইল: comillapbs3@gmail.com



স্মারক নং-২৭.১২.১৯৩৬.৫৭২.০২.০০৮.২৬. ৪৬২৬

২০ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ

তারিখঃ -----

০৫ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের লক্ষ্যে আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/ প্যানেল প্রস্তুতের নিমিত্ত ইতিপূর্বে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনকভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) ৩২ (বত্রিশ) টি	পবিস বেতন কাঠামো-২০১৬, সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র এবং বাপবিবোর্ডের সর্বশেষ সাকুলার অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে।	ক) আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন)/০৬ (ছয়)/০৯ (নয়)/১২ (বারো) বছর বা তদুর্ধ্ব সময়ের ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। খ) প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছর (২৮/১০/২০২৬ খ্রিঃ তারিখে) হতে হবে। গ) অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণ তাদের পূর্বতন শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে উক্ত পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন। ঘ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ঙ) প্রার্থীদের অবশ্যই সং, বিশ্বস্ত, উত্তম চরিত্রের এবং সুন্দর ও সুঠাম দেহের অধিকারীসহ ভালো ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে। চ) প্রার্থীদের বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। ছ) চূড়ান্তভাবে নিয়োগের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হবে, যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে ফেরৎযোগ্য।

অন্যান্য শর্তাবলীঃ

০১। উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা-এর ওয়েবসাইট <http://pbs3.comilla.gov.bd> হতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) এর জন্য নির্ধারিত আবেদন ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৮/১০/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা -এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। **নির্দিষ্ট ফরম ব্যতীত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।**

০২। মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মসম্পাদনের অভিজ্ঞতা সংক্রান্ত সকল পবিসের প্রত্যয়ন পত্র (০৩, ০৬, ০৯ ও ১২ বৎসর) আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি।

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।

(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ চারিত্রিক সনদপত্র।

(ঙ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে, যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।


০৪। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ (২৮/১০/২০২৬ খ্রিঃ) প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য শিক্ষাগত যোগ্যতার সনদ বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। অত্র পবিসের ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা অর্থাৎ কুমিল্লা জেলার দাউদকান্দি, তিতাস, হোমনা ও মেঘনা উপজেলা, মুন্সীগঞ্জ জেলার পজারিয়া উপজেলা এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(চলমান পাতা)


(Handwritten signature)

- ০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট (ইতোপূর্বে না হয়ে থাকলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০২/০১ (দুই/এক) দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা হবে। এভাবে সর্বোচ্চ ০৪ মেয়াদে (৩+৩+৩+৩) মোট ১২ (বারো) বৎসর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে চাকুরীতে বহাল রাখা হবে। তবে সর্বোচ্চ ১২ বছর বা ৫৫ (পঞ্চাশ) বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) এর বেশী হলে তিনি অত্র পবিসের চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৬। কোন প্রার্থী তথ্য গোপন করে কিংবা প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ও চাকুরী সংক্রান্ত প্রত্যয়ন পত্রের ভুল তথ্য দিয়ে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। অত্র পবিসের কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী বা এলাকা পরিচালক/ মহিলা পরিচালকদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তার প্রার্থীতা বাতিলসহ প্রশাসনিক বা আইনগত ব্যবস্থা করা হবে।
- ০৮। ইতিপূর্বে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ চাকুরী করেছেন কিংবা অন্য কোন সংস্থায় অথবা অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৯। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। পবিস চাকুরিবিধি নীতি নির্দেশিকা ও বাপবিবোর্ড কর্তৃক জারিকৃত সার্কুলার অনুযায়ী চাকুরি পরিচালিত হবে।
- ১১। বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে।
- ১২। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১৩। শর্তাবলিতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ মজিবুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

- ১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ২) পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (সদয় অবগতির জন্য)।
- ৩) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -----পবিস-১/২/৩/৪।
- ৪) ডিজিএম, সদর-কারিগরি/ দাউদকান্দি/হোমনা/গজারিয়া/বাঞ্ছারামপুর জোনাল অফিস, কুমিল্লা পবিস-৩।
- ৫) এজিএম (ওএন্ডএম), মেঘনা/তিতাস সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-৩।
- ৬) এজিএম (ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/সদস্য সেবা/প্রশাসন/আইটি/এইচআর), কুমিল্লা পবিস-৩।
- ৭) নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৩।
- ৮) অফিস কপি/ মাস্টার কপি।


(মোঃ মজিবুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার